

কুণাল বিশ্বাস ঠিকানা

নকুল মাঝির বাড়ি যাব
চোদ্দোশো ছাব্বিশ, ভোরবেলা
পায়ে হেঁটে চলে যাব আমি

দেখি, শিশুর লালার মতো চাঁদ
গড়িয়ে নেমেছে একা পুকুরের কাছে

কাল ভোরে যেতে হবে
নকুল মাঝির বাড়ি
কাছেদূরে ধানকল, মহিষবাথান—